# খালেদা জিয়ার শারীরিক অবস্থা আগের চেয়ে উন্নতি



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া বর্তমানে হাসপাতালে চিকিৎসকদের ঘনিষ্ঠ তত্ত্বাবধানে আছেন। চিকিৎসকরা জানিয়েছেন, তার শারীরিক অবস্থা আগের তুলনায় কিছুটা উন্নত হলেও সাবধানতা অবলম্বন করা হচ্ছে। কেবিনেই মেডিকেল বোর্ডের পর্যবেক্ষণে নিয়মিত চিকিৎসা চলছে।

সাবেক প্রধানমন্ত্রীর ফুসফুস ও হৃদযন্ত্রে সংক্রমণের কারণে তাকে সোমবার রাতে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসকরা জানান, তিনি নতুন করে নিউমোনিয়া আক্রান্ত এবং হৃদযন্ত্র ও ফুসফুসে ইনফেকশন রয়েছে। নিয়মিত পরীক্ষা-নিরীক্ষা ও বিশেষজ্ঞদের সমন্বয়ে চিকিৎসা দেওয়া হচ্ছে। তিনি সুস্থতার জন্য দেশবাসীর দোয়া কামনা করেছেন।

প্রসঙ্গত, খালেদা জিয়া ৭ জানুয়ারি উন্নত চিকিৎসার জন্য লন্ডনে যান। প্রায় ১১৭ দিন চিকিৎসা শেষে গত ৬ মে বাংলাদেশে ফেরেন।

LENS ASIA